

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২২৮৯

১২/ व्यवञा-वां (کتاب التجارات)

পরিচ্ছেদঃ ১২/৬৩. শারীকাত (অংশিদারী) ও মুদারাবা ব্যবসা

بَابِ الشَّرِكَةِ وَالْمُضارَبَةِ

### আরবী

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ عَلِيّ الْخَلاَّلُ، حَدَّثَنَا بِشْرُ بْنُ ثَابِتِ الْبَزَّارُ، حَدَّثَنَا نَصْرُ بْنُ الْقَاسِمِ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ دَاوُدَ، عَنْ صَالِحِ بْنِ صَهُيْبٍ، عَنْ أَبِيهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى عَبْدِ الرَّحْمَنِ بْنِ دَاوُدَ، عَنْ صَالِحِ بْنِ صَهُيْبٍ، عَنْ أَبِيهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " ثَلاَتُ فِيهِنَّ الْبَرَكَةُ الْبَيْعُ إِلَى أَجَلٍ وَالْمُقَارَضَةُ وَإِخْلاَطُ الْبُرِّ بِالشَّعِيرِ اللهَ عليه وسلم ـ " ثَلاَتُ فِيهِنَّ الْبَرْكَةُ الْبَيْعُ إِلَى أَجَلٍ وَالْمُقَارَضَةُ وَإِخْلاَطُ الْبُرِّ بِالشَّعِيرِ اللهَ عليه وسلم ـ " ثَلاَتُ فِيهِنَّ الْبَرْكَةُ الْبَيْعُ إِلَى أَجَلٍ وَالْمُقَارَضَةُ وَإِخْلاَطُ الْبُرِّ بِالشَّعِيرِ اللّهَ عليه وسلم ـ " ثَلاَتُ فِيهِنَّ الْبَرْكَةُ الْبَيْعُ إِلَى أَجَلٍ وَالْمُقَارَضَةُ وَإِخْلاَطُ الْبُرِّ بِالشَّعِيرِ اللّهُ عليه وسلم ـ " ثَلاَتُ فِيهِنَّ الْبَرْكَةُ الْبَيْعُ إِلَى أَجَلٍ وَالْمُقَارَضَةُ وَإِخْلاَطُ الْبُرِ بِالشَّعِيرِ الْبَيْعُ " .

#### বাংলা

৩/২২৮৯। সুহাইব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তিনটি জিনিসের মধ্যে বরকত রয়েছেঃ মেয়াদ নির্দিষ্ট করে ক্রয়-বিক্রয়, মুকারাযা ব্যবসা এবং পারিবারিক প্রয়োজনে গমে যব মিশনো, ব্যবসায়িক উদ্দেশ্যে নয়।

## **English**

It was narrated from Salih bin Suhaib that his father said:

"The Messenger of Allah (ﷺ) said: 'There are three things in which there is blessing: A sale with deferred payment; Muqaradhah (profit sharing); and mixing wheat with barley for one's house, but not for sale."'

### ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। যইফাহ ২১০০, যইফ আল-জামি' ২৫২৫।

তাহকীক আলবানীঃ খুবই দুর্বল। উক্ত হাদিসের রাবী ১. নাসর ইবনুল কাসিম সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। ইমাম বুখারী বলেন, তার হাদিস বানোয়াট। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬৪০৯, ২৯/৩৬৫ নং পৃষ্ঠা) ২. আব্দুর রহমান বিন দাউদ সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী ও



ইমাম যাহাবী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। আবু জা'ফার আল-উকায়লী বলেন, তিনি অপরিচিত ও তার হাদিস অরক্ষিত। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৪০৫, ১৮/৩৩ নং পৃষ্ঠা) ৩. সালিহ বিন সুহায়ব সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তার অবস্থা সম্পর্কে অজ্ঞাত। তাহরীরু তাকরীবুত তাহযীব এর লেখক বলেন, তিনি অপরিচিত। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৮২০, ১৩/৬০ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সুহায়ব আর্ রূমী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন